65

দৈনিক সংবাদ

তারিখ ... 0.2 APR 1996... ..
পৃষ্ঠা ৮ কলাম ১

# ইস্টার-এর দিনে এসএসসি পরীক্ষা ঃ বোর্ডের প্রতি শো'কজ

খৃষ্টান সম্প্রদায়ের পবিত্র দিবস 'ইস্টার'-এ এসএসসি পরীক্ষা গ্রহণের ওপর কেন নিষেধাজ্ঞা জারি করা হবে না সে বিষয়ে কারণ দর্শানোর জন্য ঢাকার ৫ম সাব জজ ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রতি আদেশ দিয়েছে। একজন পরীক্ষার্থীর অভিভাবকের মামলার পরিপ্রেক্ষিতে এ আদেশ দেয়া হয়।

মামলার বাদি জোসেফ কস্তা তার আরজিতে বলেন, আগামী ৭ই এপ্রিল সারাবিশ্বে খৃষ্টান সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ পর্ব 'ইস্টার' উদ্‌যাপিত হবে। বাংলাদেশের সরকারি-বেসরকারি বিদ্যালয়সমূহের ছুটির তালিকায় ৭ই এপ্রিল ছুটি ঘোষিত রয়েছে। এরপরও বোর্ডগুলো ৭ই এপ্রিল থেকে এসএসসি পরীক্ষার দিন ধার্য করেছে। এ সময়সূচি পরিবর্তনের ব্যবস্থা নেয়ার জন্য খৃষ্টান সম্প্রদায়ের পক্ষ থেকে শিক্ষা সচিব ও ঢাকা বোর্ড কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো হলেও সময়সূচি পরিবর্তনের ব্যবস্থা নেয়া হয়নি। ফলে সহস্রাধিক খৃষ্টান ছাত্র-ছাত্রীর ঐ দিন পরীক্ষায় অংশগ্রহণে অসুবিধা হবে যা ধর্মীয় অধিকারের ওপর আঘাত সৃষ্টি করেছে।

বাদিপক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট গাজী সাঈদুল হক ও এডভোকেট আবু নাসের। খবর সংবাদ বিজ্ঞপ্তির।